

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ হিজরত, মি'রাজ, ওফাত ইত্যাদি বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৮. হাসান-হুসাইনের ক্ষুধা ও রাসূলুল্লাহ (ﷺ) এর প্রহৃত হওয়া

হাসান-হুসাইনের অভুক্ত থেকে ক্রন্দন, ফাতেমা (রা) ও আলীর কষ্ট, রাসূলুল্লাহ (ৣৣ৽) কর্তৃক ইহূদীর বাড়িতে কাজ করা, ইহূদী কতৃক রাসূলুল্লাহ (ৣৣ৽)-কে আঘাত করাইত্যাদি আমাদের দেশের অতি প্রচলিত ওয়ায ও গল্প। এ সকল কাহিনী সবই বানোয়াট। এগুলোর কোনো ভিত্তি আছে বলে আমার জানা নেই। মদীনার রাষ্ট্রপতি রাসূলুল্লাহ (ৣৄ৽) কারো বাড়িতে শ্রম বিক্রয় করতে গিয়েছেন বলে বর্ণিত হয় নি। এছাড়া হাসান ও হুসাইন (রা) ৩ ও ৪ হি. সালে জন্মগ্রহণ করেন। আর রাসূলুল্লাহ (ৣ৽) ৪ হি. সালে বনূ ন্যীর ও ৫ হি. সালে বনূ কুরাইযার ইহূদীদেরকে বিদ্রোহ ও ষড়যন্ত্রের কারণে মদীনা থেকে বিতাড়িত করেন। কাজেই ইমামদ্বয়ের কথা বলার বয়স হওয়ার অনেক আগেই মদীনা ইহূদী মুক্ত হয়েছিল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4820

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন